গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১০.২০-১২৩

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৬ ব. / ০৫ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১০৬৩৯/২০২০ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১০৬৩৯/২০২০ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১০৬৩৯/২০২০ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১০৬৩৯/২০২০ | জনাব মো: মুনির হোসাই, পিতা:- মো: মেহেব হোসাইন, বরিশাল। (বরিশাল ইসলামিয়া কলেজ) | সচিব শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই সহ মোট ১১ (এগার) জন। | এম.পি.ও ভুক্তির জন্য দাখিলকৃত কাগজ পত্রাদি অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ থাকায় এ পর্যায়ে আবেদনকারীদের এম.পি.ও ভুক্তি/সহককারী অধ্যাপক স্কেল/টাইমস্কেল/বিএড স্কেল প্রদানের বিষয়টি বিবেচনা করা গেলনা মর্মে ডিটিই হতে ১৩/০৫/২০১৯ তারিখে ৫৭.০৩.০০০০.০২৮. ১৮.০১১.১৮.৪৩২ সংখ্যক স্মারকে (Annexer-G মূলে) অফিস আদেশ জারি করা হয়। উক্ত স্মরকের ৫ নং ক্রামিকে পিটিশনারের নাম রয়েছে।<br>ফলে উক্ত স্মারকের সিদ্ধান্তের বিরুদ্ধে এবং জুলাই /১৬ এবং তার নাম এমপিও ভুক্তকরত তার বেতন ভাতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: মুনির হোসেন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১০৬৩৯/২০১৯ দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ০৩/১২/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি নিষ্পন্ন করে পিটিশনারের এম.পি.ও ভুক্তকরণে ডিটিই কর্তৃক ১৩/০৫/১৯ তারিখে ৪৩২ সংখ্যক স্মারকে অসম্মতি জ্ঞাপন সংক্রান্ত কার্যক্রম কেন বে-আইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারকে জুলাই/১৬ হতে বকেয়াসহ এম.পিও ভুক্তকরত বেতন ভাতা প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান কর হবে না সেমের্ম প্রতিপক্ষগনের প্রতি ৩১/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে করণ দর্শানোর জন্য নিদেশনা প্রদান করা হয়েছে।

০৩। সে মতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে মহোদয় কর্তৃক মামলার জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে আগামী ১৫.০৩.২০ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং- ১০৬৩৯/২০১৯ মামলার ০৩/১২/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ তথা সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে তথ্যাদি আগামী ১৫.০৩.২০ খ্রি: এর টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০৫/০৩/২০২

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।